

## রক্তে ভেজা আমি আজ-ও

|||||

সে দিনটাও ছিল আর পাঁচটা দিনের মত  
তবু কিসের একটা আশঙ্কা উঁকি  
দিচ্ছিলো মনে,  
হ্যাঁ আজ আবার ফিরে এলো সেইদিন  
আমার বুকে আজোও তাজা রক্তের দাগ,  
হ্যাঁ-হ্যাঁ আমি নন্দীগ্রাম বলছি  
আমায় চিনতে পারছো তো?  
ঠিক এক বছর আগে পুলিশের বুটের শব্দে  
ঘুম ভেঙেছিলো আমার,  
সে শব্দে ছিলো প্রতিশোধের ছস্কর  
আমার নিরীহ সন্তানদের প্রতি  
যারা আমাকে রক্ষা করতে নেমেছিল সেদিন  
খাঁকি উর্দি দেব গুলিতে লুটিয়ে পরেছিল তাদের  
একটার পর একটা বুলেট বিদ্ধ নিখর দেহ  
আমার বুকে,আর ফোঁটা ফোঁটা রক্তে ভিজে  
যাচ্ছিল আমার দেহ,  
রক্তের ধারা বয়ে যাচ্ছিলো ক্ষেতের নালা দিয়ে।  
আমি চিৎকার করে বলছিলাম তোমরা থামো  
তোমরা থামো.....হয় কেউ শুনতে পায়নি  
একে একে ১৪টা সন্তান লুটিয়ে পরল  
আমার বুকে!  
আর আমি!  
পারলাম না---কিছুই করতে---পারলাম না।।  
যাদের আমি বড় হতে দেখেছি আমার বুকে  
দেখেছি খেলে বেড়াতে আমার শরীর জুড়ে  
আজ-তারা বলি,এই পৃথিবীতেই নেই  
ভাবতেও পারছি না.....  
আমার সন্তান রা তো এক সাথেই ছিল!  
কারা যেন লাল রং দিয়ে  
ওরা-আমরা ভাগ করেদিলো।  
আমার বুকে কি যেন একটা- কে -মি- কে- ল  
না  
কি একটা হাব তৈরী  
করতে চেয়েছিলে--তোমরা  
আর আমায় নিয়ে কাঁটা-ছেঁড়া করো না..  
একটা বছর পরেও আমার দেহের ক্ষত তাজা  
সারা শরীরে এখনো তাজা রক্তের দাগ।  
এখনো প্রতি রাত্রে উঠে আমার বুকে  
স্বজন হারানোর কান্না  
এ যে সারা জীবনের বেদনা  
কোনোদিনো ও থামবে না।  
আমায় ভুলে যেও না  
আমায় মনে রেখো আমি নন্দীগ্রাম।

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ।

৯৮-৩৬১০৭৯৫৭